গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
(www.lawjusticedivc.gov.bd)

নং-১০.০০.০০০০.১২৯.১৮.০২২.১৪-৯৯৪ তারিখ ঃ-৩১/০৮/২০১৫খ্রিঃ

বিষয় ঃ- আদালত/ট্রাইব্যুনালে বিচারাধীন মামলার সংখ্যা যুক্তিসম্মত (rationalize) করা এবং আপীল ও রিভিশন মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র ঃ (১) সার্কুলার নম্বর-১১/২০১৫ এ, তারিখ ঃ-২৯/৭/২০১৫খ্রিঃ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আইন ও বিচার বিভাগের অধিনস্থ, সংযুক্ত সকল প্রতিষ্ঠান সমূহ বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অবহিত করার নিমিত্ত সূত্রোক্ত পত্র প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ-০২(দুই) ফর্দ।

৩১/০৮/১৫
(মোঃ খাদেম উল কায়েস)
সিনিয়র সহকারী সচিব(প্রঃ)
ফোন-৯৫৭৭৪২০(অ:)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, জাতীয় মহিলা সংস্থা ভবন, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
২। সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
৩। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪,আব্দুল গণি রোড, ঢাকা।
৪। মহাপ্রশাসক, সরকারী অছি এবং সরকারী রিসিভার অফিস, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ৭৫, নয়া পল্টন, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ নং কলেজ রোড, ঢাকা।
৬। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ১৫ নং কলেজ রোড, ঢাকা।
৭। রেজিষ্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৮। প্রধান সমন্বয়ক, বাংলাদেশের ৬৪টি জেলা সদরে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবন নিমার্ণ (১ম পর্যায়), পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/বাজেট/উন্নয়ন/সলঃ প্রশাসন/রীট-১/রীট-২/ফৌজদারী/দেওয়ানী-১/দেওয়ানী-২/জিপি/পিপি/এটি/এএটি, আইন ও বিচার বিভাগ।
১০। রেজিষ্ট্রার জেনারেল এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, হাইকোর্ট ভবন, ঢাকা।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
১৪। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ।

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সচিবের দপ্তর
আইন ও বিচার বিভাগ
ডায়েরী নং........
তারিখ........

সার্কুলার নম্বর ১১/২০১৫ এ

তারিখঃ- ২৭/০৭/২০১৫ খ্রিঃ।

বিষয়ঃ- আদালত/ট্রাইব্যুনালে বিচারাধীন মামলার সংখ্যা যুক্তিসম্মত (rationalize) করা এবং আপীল ও রিভিশন মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি সংক্রান্ত।

দেশের অধস্তন আদালতসমূহে বর্তমানে প্রায় আটাশ লক্ষ মামলা বিচারাধীন এবং ক্রমান্বয়ে এই মামলার জট বৃদ্ধি পাচ্ছে। প্রতিমাসে সারাদেশ থেকে অত্রকোর্টে প্রেরিত মামলা সংক্রান্ত বিবরণী পর্যালোচনায় দেশের বিভিন্ন আদালতে বিচারাধীন মামলার সংখ্যায় দৃশ্যমান পার্থক্য পরিলক্ষিত হয়। কোনো কোনো আদালতে অতিরিক্ত সংখ্যক মামলা বিচারাধীন থাকলেও কিছু সংখ্যক আদালতে মামলার সংখ্যা সে তুলনায় কম। ফলে, অধিক সংখ্যক মামলা বিচারাধীন আদালতসমূহে সুষ্ঠুভাবে বিচারকাজ পরিচালনা তথা কার্যকর মামলা ব্যবস্থাপনা সম্ভব হয় না। অন্য দিকে, অল্পসংখ্যক মামলা থাকায় অনেক আদালতে মূল্যবান কর্মঘন্টার সম্পূর্ণ সদ্ব্যবহার করা যায় না। আবার, দেশের বিভিন্ন আদালতে বিপুল সংখ্যক দেওয়ানী/ফৌজদারী আপীল ও রিভিশন বিচারাধীন থাকলেও এগুলোর নিষ্পত্তির হার কাঙ্খিত মাত্রার নয়।

০২। The Code of Civil Procedure, 1908 ও The Code of Criminal Procedure, 1898-এ বর্ণিত বিধি বিধান সাপেক্ষে প্রত্যেক জেলা জজ বা দায়রা জজ তাঁর প্রশাসনিক এখতিয়ারাধীন আদালতসমূহে মামলা, আপীল বা অন্য যেকোন আইনগত কার্যধারা স্থানান্তর (transfer) এর ক্ষমতাপ্রাপ্ত।

০৩। বিশেষ আদালত (অতিরিক্ত দায়িত্ব) আইন, ২০০৩ এর ৪ ধারার বিধানমতে সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা The Civil Courts Act, 1887 (E. B. Act XII of 1887) এবং The Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর উদ্দেশ্য পূরণকল্পে বিচার কর্মবিভাগের জেলা জজ পদের কর্মকর্তা দায়িত্বে নিযুক্ত আছেন এরূপ একাধিক বিশেষ আদালতকে যথাক্রমে জেলা জজ আদালত (Court of District Judge) ও দায়রা আদালত (Court of Sessions) হিসেবে ঘোষণাক্রমে উক্ত আদালতসমূহকে বিশেষ জেলা জজ আদালত (Court of Special District Judge) ও বিশেষ দায়রা আদালত (Special Court of Sessions) হিসেবে অভিহিত করেছে। বর্ণিত আইনের ৮ ধারার বিধান মতে জেলা জজ বা দায়রা জজগণ-কে ন্যায় বিচারের স্বার্থে, স্ব-উদ্যোগে বা কোন পক্ষের আবেদনের প্রেক্ষিতে, নিজ আদালত কিংবা তাঁর অধস্তন কোনো আদালত হতে শুনানির জন্য প্রস্তুত যে কোনো মামলা, আপীল বা অন্য যে কোনো আইনগত কার্যধারা প্রত্যাহার (withdraw) করে নিষ্পত্তির জন্য তার স্থানীয় অধিক্ষেত্র এলাকায় অবস্থিত বিশেষ জেলা জজ আদালত বা, ক্ষেত্রমত, বিশেষ দায়রা আদালতে স্থানান্তর (transfer) এর ক্ষমতা প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, দেশের সকল জেলা জজ বা দায়রা জজ-কে বর্ণিত আইন ও বিধি বিধান সাপেক্ষে তাঁর প্রশাসনিক এখতিয়ারাধীন সকল আদালতে এবং তাঁর স্থানীয় অধিক্ষেত্র এলাকায় অবস্থিত বিশেষ জেলা জজ আদালত বা, ক্ষেত্রমত, বিশেষ দায়রা আদালতে মামলা, আপীল বা অন্য যে কোনো আইনগত কার্যধারা স্থানান্তরক্রমে (transfer) সকল আদালত/ট্রাইব্যুনালে বিচারাধীন মামলার সংখ্যা যুক্তিসম্মত (rationalize) করার নির্দেশ প্রদান করা হলো। একই সাথে **প্রতিমাসের প্রথম সপ্তাহের মধ্যে** বর্তমানে প্রেরিত বিবরণীর অতিরিক্ত হিসেবে জেলা জজ বা দায়রা জজগণ-কে নিজ আদালতসহ তাঁর প্রশাসনিক এখতিয়ারাধীন সকল আদালতের এবং বিশেষ জেলা জজ আদালত বা, ক্ষেত্রমত, বিশেষ দায়রা আদালত এর বিচারকগণ-কে তাঁর আদালতের বিচারাধীন ও নিষ্পত্তিকৃত দেওয়ানী-ফৌজদারী আপীল-রিভিশন মামলার বিবরণী (আদালতের নাম পৃথক পৃথকভাবে উল্লেখকরতঃ) সংযুক্ত ছক মোতাবেক অত্রকোর্টে প্রেরণের নির্দেশ প্রদান করা হলো।

আদেশক্রমে

স্বা:/-
(সৈয়দ আমিনুল ইসলাম)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
ডায়েরী নং........
তারিখ........

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
ডায়েরী........
তারিখ........

স্মারক নং- ১৭২৫৫(১) -এ, তারিখঃ ৩০/০৭/২০১৫খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। জেলা জজ...........................................................................(সকল)।
৩। মহানগর দায়রা জজ...............................................................(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ...............................................................(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল...........................(সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল................(সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল............................................(সকল)।
৮। বিশেষ জজ (জেলা জজ)..........................................................(সকল)।
৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল...........(সকল)।
১১। চেয়রম্যান (জেলা জজ), কোর্ট অব সেটেলমেন্ট............................................(সকল)।
১২। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত......................................................(সকল)।
১৬। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। (সংরক্ষনের জন্য)
১৭। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, .............................................. (সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচারককে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা [সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

২৯/০৭/২০১৫ খ্রি.

(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাঃ ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬